



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৭.২১-১০৩১

তারিখ: ২০ আষাঢ় ১৪৩০
০৪ জুলাই ২০২৩

বিষয়: পাবনা জেলার সাঁথিয়া পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ শাহীনুজ্জামান এর বিরুদ্ধে আনীত দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগ সংক্রান্ত।


সূত্র : ১। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৭.২১-৭০৫, তারিখ: ১০ মে ২০২৩ খ্রি।
২। সাঁথিয়া পৌরসভা কার্যালয়ের স্মারক নং-সাঁথিয়া/পৌঃ/২০২৩, তারিখ: ২৫ মে ২০২৩।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে পাবনা জেলার সাঁথিয়া পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ শাহীনুজ্জামান এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দাখিলকৃত অভিযোগ তদন্তের জন্য উক্ত কর্মকর্তার নিয়োগ সংক্রান্ত সকল রেকর্ডপত্র (নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদনপত্র, নিয়োগপত্র, যোগদানপত্র, নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবর দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রসহ সংশ্লিষ্ট কাগজপত্র) প্রেরণের জন্য সূত্রস্থ ১নং স্মারকে মেয়র, সাঁথিয়া পৌরসভাকে অনুরোধ করা হয়। কিন্তু, এ পদের নিয়োগকারী কর্তৃপক্ষ স্থানীয় সরকার বিভাগ বিধায় উক্ত তথ্য প্রদান করা সম্ভব নয় মর্মে উক্ত পৌরসভা হতে ২নং স্মারকে জানানো হয়।

২। উল্লেখ্য, উক্ত কর্মকর্তার সার্ভিস বুকের ছায়ালিপি, নিয়োগ পত্রের কপি, পদোন্নতি আদেশসমূহ যাচাই করা প্রয়োজন। কিন্তু, পৌরসভাসমূহ হতে এগুলো প্রদান না করা উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনগত আদেশ অমান্য করা ও অসদাচরণের শামিল।

৩। এমতাবস্থায়, উক্ত নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ শাহীনুজ্জামান এর চাকুরি সংক্রান্ত নিম্নবর্ণিত তথ্যের সত্যায়িত ছায়ালিপি আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায়, পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ অনুযায়ী উক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

- সার্ভিস বুকের সত্যায়িত ছায়ালিপি
- নিয়োগপত্র ও সকল পদোন্নতির আদেশের সত্যায়িত ছায়ালিপি;
- তার চাকুরিতে প্রথম নিয়োগের কর্তৃপক্ষ স্থানীয় সরকার বিভাগ না হলে, উক্ত নিয়োগের বিজ্ঞপ্তি ও ছাড়পত্রের কপি।


০৪/০৭/২০২৩
মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র
সাঁথিয়া পৌরসভা
পাবনা

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. জেলা প্রশাসক, পাবনা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)